# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**01-05-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবর –

১) কেন্দ্রীয় সরকারী কর্মীদের ভোট গণনা কেন্দ্রে সুপার ভাইজার হিসেবে নিয়োগ করা হচ্ছে – এই অভিযোগ জানিয়ে তৃণমূল কংগ্রেসের দায়ের করা একটি আবেদন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট।

২) গণনা কেন্দ্রগুলিতে নিরাপত্তা আরও জোরদার করতে নির্বাচন কমিশন, কিউআর কোড ভিত্তিক পরিচয় পত্র চালুর সিদ্ধান্ত নিয়েছে।

৩) ভোটযন্ত্রে কারচুপির উদ্দেশ্যেই ভোটগ্রহণের চারদিন বাদে গণনার ব্যবস্থা করা হয়েছে বলে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী অভিযোগ করেছেন।

এদিকে, মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল এই অভিযোগ সম্পূর্ণ ভিত্তিহীন বলে খারিজ করে দিয়েছেন।

৪) কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে পোস্টাল ব্যালট পৃথকীকরণের কাজের সময় একটি ভিডিওকে কেন্দ্র করে গতরাতে উত্তেজনা ছড়ায় । সংশ্লিষ্ট সকল পক্ষকে আগেই অবহিত করা হয় বলে নির্বাচন কমিশন স্পষ্ট জানিয়েছে।

৫) এ বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আগামী ৮ই মে প্রকাশিত হতে চলেছে ।

৬) আজ বুদ্ধ পূর্ণিমা। এই উপলক্ষে বৌদ্ধ ধর্মাবলম্বীরা নানা অনুষ্ঠানের আয়োজন করেছেন।

পুরুলিয়ায় এই উপলক্ষে চলেছে শিকার উৎসবের প্রস্তুতি।

৭) অনুকূল বায়ু প্রবাহ ও জলীয় বাষ্পের পরিমাণ বেশি থাকায় রাজ্যে বিভিন্ন এলাকায় আজও ঝড়-বৃষ্টি পূর্বাভাষ। তাপমাত্রা এক ধাক্কায় অনেকটাই নেমেছে।

০০০০০০০০০০০০০০০০০০০০০

কেন্দ্রীয় সরকারী কর্মীদের ভোট গণনা কেন্দ্রে সুপার ভাইজার হিসেবে নিয়োগ করা হচ্ছে – এই অভিযোগ জানিয়ে তৃণমূল কংগ্রেসের দায়ের করা একটি আবেদন খারিজ করে দিয়েছে কলকাতা হাইকোর্ট। বিচারপতি কৃষ্ণা রাও গতকাল তার রায়ে স্পষ্ট জানিয়েছেন, গণনা কেন্দ্রে কাদের সুপার ভাইজার হিসেবে নিযুক্ত করা হবে সেবিষয়ে নির্বাচন কমিশনের সিদ্ধান্তে আদালত হস্তক্ষেপ করতে পারেনা। কেন্দ্রীয় সরকারী দফতর অথবা কেন্দ্রীয় রাষ্ট্রায়ত্ব সংস্থার কর্মীদের কাউন্টিং সুপার ভাইজার হিসেবে নিয়োগ করার ক্ষেত্রে আদালত বে-আইনি কোন কিছু দেখছে না বলেও বিচারপতি জানিয়েছেন।

তবে, তৃণমূল কংগ্রেসের কোন প্রার্থী, বিজেপি প্রার্থীর কাছে পরাজিত হলে সেক্ষেত্রে সুপার ভাইজার হিসেবে কেন্দ্রীয় সরকারী কর্মচারীর ভূমিকা আছে এমন প্রমাণ পাওয়া গেলে জন প্রতিনিধিত্ব আইনের ১-শো নম্বর ধারা অনুযায়ী পরাজিত প্রার্থী ফলাফল চ্যালেঞ্জ করতে পারবেন বলেও বিচারপতি রাও তার নির্দেশ জানিয়েছেন।

০০০০০০০০০০০০০০০০০০

নির্বাচন কমিশন, গণনাকেন্দ্রগুলিতে নিরাপত্তা আরও জোরদার করতে কিউআর কোডভিত্তিক পরিচয়পত্র চালুর সিদ্ধান্ত নিয়েছে। গণনা কেন্দ্রে ঢোকার অনুমতি নেই, এমন ব্যক্তির প্রবেশরোধেই নতুন এই ব্যবস্থা বলে কমিশন সূত্রে জানা গেছে।

আগামী চৌঠা মে পশ্চিমবঙ্গ ছাড়াও অসম, কেরালাম, তামিলনাড়ু ও পুদুচেরি বিধানসভা নির্বাচনের গণনা থেকেই এই ব্যবস্থা চালু হবে। পাশাপাশি পাঁচ রাজ্যের সাতটি বিধানসভা কেন্দ্রে উপনির্বাচনের ক্ষেত্রেও তা প্রযোজ্য হবে। ভবিষ্যতে লোকসভা ও রাজ্য বিধানসভা নির্বাচনের সব ক্ষেত্রেই এই পদ্ধতি চালু করারও পরিকল্পনা রয়েছে।

নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, এবার গণনাকেন্দ্রে প্রবেশের জন্য থাকছে ত্রি স্তরীয় নিরাপত্তা ব্যবস্থা। প্রথম ও দ্বিতীয় স্তরে রিটার্নিং অফিসারের দেওয়া ফটো আইডি কার্ড ম্যানুয়ালি পরীক্ষা করা হবে। তৃতীয় স্তরে কিউআর কোড স্ক্যানের মাধ্যমে পরিচয় যাচাইয়ের পরই গণনাকক্ষে প্রবেশের অনুমতি মিলবে।

এই কিউআর কোডভিত্তিক পরিচয়পত্র প্রযোজ্য হবে গণনাকেন্দ্রে প্রবেশাধিকারপ্রাপ্ত সমস্ত ব্যক্তির ক্ষেত্রেই। এদের মধ্যে আছেন রিটার্নিং অফিসার, সহকারী রিটার্নিং অফিসার, গণনাকর্মী, প্রযুক্তিগত কর্মী, প্রার্থী, নির্বাচনী এজেন্ট ও গণনা এজেন্টরা।

একই সঙ্গে প্রতিটি গণনাকেন্দ্রেই মিডিয়া সেন্টার তৈরি করা হবে গণনাকক্ষের কাছেই।

জেলা নির্বাচন আধিকারিক ও রিটার্নিং অফিসারদের এই নতুন ব্যবস্থা বাস্তবায়নের জন্য প্রয়োজনীয় সমস্ত প্রস্তুতি গ্রহণের নির্দেশ দেওয়া হয়েছে। প্রশিক্ষিত কর্মী মোতায়েন করে নির্ধারিত চেকপয়েন্টে নিরাপত্তা নিশ্চিত করার উপরও জোর দেওয়া হয়েছে।

উল্লেখ্য, রাজ্যে দুদফায় বিধানসভা ভোট সম্পন্ন হওয়ার পর সকলেরই নজর এখন চৌঠা মে ফলাফল ঘোষণার দিকে। ভোট শেষ হওয়ার পরই ইভিএম-গুলি নির্দিষ্ট স্ট্রং রুমে পাঠিয়ে দেওয়া হয়েছে। ভোটগ্রহণ শেষ হওয়ার পরই ইভিএমগুলি নির্দিষ্ট স্ট্রং রুমে পৌঁছে দেওয়া হয়েছে।

এই স্ট্রং রুমের সুরক্ষাতেও গড়ে তোলা হয়েছে ত্রিস্তরীয় নিরাপত্তা বলয়।

oooooooooooooooooooooo

কলকাতার ক্ষুদিরাম অনুশীলন কেন্দ্রে গতকাল পোস্টাল ব্যালট পৃথকীকরণের সময় কর্মীদের উপস্থিতির ভিডিওকে কেন্দ্র করে ধুন্ধুমার পরিস্থিতির সৃষ্টি হয়। ই ভি এমের জালিয়াতির অভিযোগ তুলে তৃণমূল কংগ্রেস কর্মী সমর্থকরা সেখানে জড়ো হন। ছিলেন দলের দুই প্রার্থী শশী পাঞ্জা ও কুনাল ঘোষ। তারা অভিযোগ করেন, স্ট্রং রুমের ভেতরে সন্দেহজনক কিছু গতিবিধি দেখা গেছে। দ্রুত সেখানে পৌঁছে যান বিজেপির প্রার্থী তাপস রায় ও সন্তোষ পাঠক। দুইদলের কর্মী সমর্থকদের মধ্যে বচসা ধাক্কাধাক্কির পরিস্থিতি সৃষ্টি হয়।

এদিকে নির্বাচন কমিশন জানিয়েছে, বিকেল ৪ টের পর বিভিন্ন বিধানসভা আসনে পোস্টাল ব্যালটগুলি পৃথকীকরণের কাজ .চলবে। সেজন্য রাজনৈতিক দলের প্রতিনিধিদের আগেই সেখানে উপস্থিত থাকতেও বলা হয়।

কমিশন এক বিবৃতিতে জানিয়েছে ভোট পরবর্তী প্রক্রিয়ায় স্বচ্ছতা বজায় রাখতে ই ভি এম ও পোস্টাল ব্যালটের সুরক্ষা ব্যাবস্থা সুনিশ্চিত করা হয়েছে। ভোট গ্রহণের পর সাতটি স্ট্রং রুম, প্রার্থী, নির্বাচনী এজেন্ট এবং জেনারেল অবজার্ভারের উপস্থিতিতে যথাযথভাবে বন্ধ ও সিল করা হয়। ভোট দেওয়া ইভিএম সম্বলিত মূল স্ট্রং রুমগুলো সম্পূর্ণ সুরক্ষিত এবং তালাবন্ধ অবস্থায় রয়েছে।

একই চত্বরে পোস্টাল ব্যালটের জন্য একটি পৃথক স্ট্রং রুম রয়েছে, যেখানে বিধানসভা কেন্দ্র অনুযায়ী ভোট দেওয়া ব্যালট পেপার এবং ইটিবিপিএস (ETBPS) রাখা আছে।

তৃণমূল কংগ্রেস ও বিজেপি- প্রতিনিধিদের উপস্থিতিতে স্ট্রং রুমের নিরাপত্তা ও সিল করার বিষয়টি দেখানো হয় বলে কমিশনের পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়েছ

oooooooooooooooooooooo

এদিকে স্ট্রংরুম নিয়ে বিভিন্ন অভিযোগের প্রেক্ষিতে তৃণমূল কংগ্রেস নেত্রী মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী গতরাতে কলকাতার সাখাওয়াত মেমোরিয়াল স্কুলের স্ট্রংরুমে যান।

ভোটযন্ত্রে কারচুপির উদ্দেশ্যেই ভোট গ্রহণের চারদিন বাদে গণনার ব্যবস্থা করা হয়েছে বলে মমতা অভিযোগ করেন। নেতাজী ইন্ডোর স্টেডিয়ামে সিসিটিভি ক্যামেরার ফুটেজে সন্দেহজনক কিছু দেখেই তারা তৎপর হন বলেন তিনি জানান। ইভিএম-এ কারচুপির কোন চেষ্টা হলে তারা সবরকমভাবে তা প্রতিহত করার চেষ্টা চালাবেন বলেও উল্লেখ করেন মুখ্যমন্ত্রী।

(বাইট – মমতা )

নির্বাচন কমিশনের ভূমিকারও সমালোচনা করে তৃণমূল কংগ্রেস নেত্রী

স্বচ্ছতা বজায় রাখতে কমিশনকে রাজ্যজুড়ে সব স্ট্রংরুমের বাইরে সিসিটিভি ক্যামেরা বসানোর আর্জি জানিয়েছেন । যাতে বাইরে থেকে সংবাদ মাধ্যম বা যেকোন দলের সমর্থকেরা তা দেখতে পান।

অন্যদিকে গণনা কেন্দ্রের কারচুপি নিয়ে মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী যে অভিযোগ করেছেন, তা ভিত্তিহীন বলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ আগরওয়াল স্পষ্ট জানিয়েছেন। আকাশবাণীকে গতরাতে এক বিশেষ সাক্ষাৎকারে তিনি বলেন, গণনা কেন্দ্রে পর্যাপ্ত সিসিটিভির বন্দোবস্ত রয়েছে। কঠোর নিরাপত্তার জন্য প্রতিটি কেন্দ্রে মোতায়েন করা হয়েছে পর্যাপ্ত কেন্দ্রীয় বাহিনী। তারপরেও যদি কোন অভিযোগ থাকে তা নির্দিষ্ট জায়গায় জানানোর ব্যবস্থা থাকছে বলে শ্রী আগরওয়াল উল্লেখ করেন।

(বাইট – আগরওয়াল)

তিনি আরও বলেন, রাজ্যে ভোট-পরবর্তী হিংসা মোকাবিলায় নির্বাচন কমিশন, সব রকমের ব্যবস্থা নিচ্ছে। কয়েকটি জায়গায় বিচ্ছিন্ন কিছু ঘটনা ঘটেছে এবং সেব্যাপারে ইতোমধ্যেই গ্রেপ্তার করা হয়েছে দু'জনকে। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়া হচ্ছে বলেও আশ্বাস দেন তিনি।

oooooooooooooooooooooo

ভোট দিতে গিয়ে হাওড়ার উদয়নারায়ণপুরে ৮২ বছরের পুর্ণ চন্দ্র দলুইয়ের মৃত্যুকে কেন্দ্র করে, রাজ্যের তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় কেন্দ্রীয় বাহিনীর বিরুদ্ধে অসহযোগিতার যে অভিযোগ এনেছে, তা সম্পুর্ন মিথ্যে বলে জানিয়েছে নির্বাচন কমিশন। সমাজ মাধ্যমে এক বার্তায় নির্বাচন কমিশন জানায়, অসুস্থ ওই ব্যক্তিকে ইভিএম পর্যন্ত এগিয়ে নিয়ে যাওয়ার জন্য তাঁর পুত্রকে বুথের ভেতর ঢোকার অনুমতিও দেওয়া হয়। ভোট দেওয়ার পর হঠাত অসুস্থ হয়ে গিয়ে মৃত্যু হয় ওই বৃদ্ধের। কেন্দ্রীয় বাহিনীর সঙ্গে কোনও রকম হাতাহাতির ঘটনা ঘটেনি বলে স্পষ্ট জানিয়েছে নির্বাচন কমিশনের সাধারণ পর্যবেক্ষক।

oooooooooooooooooooooo

এ বছরের মাধ্যমিক পরীক্ষার ফল আগামী ৮ই মে প্রকাশিত হতে চলেছে । সকাল সাড়ে নটায় এক সাংবাদিক বৈঠকে আনুষ্ঠানিকভাবে ফল ঘোষণা করবেন মধ্যশিক্ষা পর্ষদের সভাপতি রামানুজ গঙ্গোপাধ্যায়।

পর্ষদের তরফে জানানো হয়েছে, দশটা পনেরো থেকে ওয়েবসাইটে রেজাল্ট দেখতে পারবে পরীক্ষার্থীরা। যেসব ওয়েবসাইটে রেজাল্ট দেখা যাবে সেগুলি হল - www.wbbsedata.com, www.wbbse.wb.gov.in, www.iResults.in, www.indiaresults.com, www.resukts.sikhsha, results.exambangla.com ওয়েবসাইটগুলিতে।

এছাড়াও গুগল প্লে স্টোর থেকে "আই রেজাল্টস", "মাধ্যমিক রেজাল্ট" এবং "এডুটিপস অ্যাপ" ডাউনলোড করেও ফলাফল জানা যাবে।

উল্লেখ্য, এবার পরীক্ষা শেষ হওয়ার ৮৪ দিনের মাথায় প্রকাশিত হতে চলেছে মাধ্যমিকের ফল। দোসরা ফেব্রুয়ারি থেকে ১২ ই ফেব্রুয়ারি পর্যন্ত পরীক্ষা চলে। এবার ৯ লক্ষ ৭১ হাজারের বেশি পড়ুয়া এই পরীক্ষা দিয়েছেন।

oooooooooooooooooooooo

আজ বুদ্ধ পূর্ণিমা। গৌতম বুদ্ধের জন্মদিন ও মহা পরিনির্বাণ উপলক্ষে এই বুদ্ধ পূর্ণিমা বা বৈশাখী পূর্নিমা , বৌদ্ধ ধর্মাবলম্বীদের এক পবিত্র উৎসব।

বুদ্ধ পূর্ণিমা উপলক্ষে বৌদ্ধ মন্দির গুলিতে গৌতম বুদ্ধের পূজা সহ নানা ধর্মীয় অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। আলোর মালায় সাজানো হয়েছে বৌদ্ধ মন্দির গুলি। উল্লেখ্য, আড়াই হাজারেরও বেশী সময় আগে বৈশাখী পূর্নিমা তিথিতেই জন্ম গ্রহণ করেন গৌতম বুদ্ধ।

আবার এই বৈশাখী পূর্নিমা তিথিতে ই গৌতম বুদ্ধ তার সাধনায় সিদ্ধি লাভ ও মহাপরিনির্বাণ লাভ করেছিলেন বলে জানা যায়।

oooooooooooooooooooooo

আজ বুদ্ধ পূর্ণিমা। আজ পুরুলিয়ার অযোধ্যা পাহাড়ে প্রতি বছরের মত এবারেও শিকার উৎসব বা সেঁন্দরার প্রস্তুতি চলেছে জোরকদমে। পুরুলিয়া ছাড়াও পার্শ্ববর্তী বিহার, ওড়িশা, ঝাড়খণ্ড সহ বিভিন্ন প্রান্ত থেকে বহু মানুষ এই শিকার উৎসবে অংশ নিতে ভিড় জমান।

আমাদের সংবাদদাতা জানাচ্ছেন, এই উৎসবের আগে বন ও বন্যপ্রাণী সংরক্ষণে বাড়তি সতর্কতা নিয়েছে জেলা বন দপ্তর। পাহাড়ের বিভিন্ন গ্রামে চলেছে সচেতনতা প্রচার, লাগানো হচ্ছে পোস্টাল ব্যানার। পোস্টারে প্রকৃতির ভারসাম্য বজায় রাখতে বন ও বন্যপ্রাণী সংরক্ষণের বার্তা দেওয়া হয়েছে। বন দপ্তর ঐতিহ্য বজায় রেখে বন্যপ্রাণী ও পরিবেশের যাতে কোনো ক্ষতি না হয়, সেইভাবে শান্তিপূর্ণ উৎসব পালনের সবরকমের উদ্যোগ নিয়েছে।

oooooooooooooooooooooo

আজ ঐতিহাসিক মে দিবস। দিনটি আন্তর্জাতিক শ্রমিক দিবস হিসেবেও উদযাপিত হয়ে থাকে। নানা অনুষ্ঠান ও কর্মসূচির মধ্য দিয়ে বিশ্বজুড়ে শ্রমজীবী মানুষের প্রতি শ্রদ্ধা জানাতে দিনটি পালিত হয়ে থাকে।

উল্লেখ্য, দৈনিক আট ঘন্টা কাজের সময় এর  দাবিতে ১৮৮৬ সালে আমেরিকার শিকাগো শহরে পথে নেমে  বিক্ষোভ দেখান শ্রমিকরা । বিক্ষোভ প্রতিহত করতে  পুলিশের  গুলি চালনায়  আন্দোলনকারীদের অনেকেই হতাহত হন।  এই ঘটনার পর ১৮৮৯ সালে আন্তর্জাতিক শ্রমিক সম্মেলনে শ্রমিকদের অধিকার নিয়ে প্রস্তাব পেশ করা হয়। ওই সম্মেলন থেকে শ্রমিকদের সময়সীমা দৈনিক ৮ ঘন্টা বেঁধে দেওয়া হয়। সম্মেলন শেষে পয়লা মে দিনটিকে আন্তর্জাতিক শ্রমিক দিবস হিসেবে পালনের কথা ঘোষণা করা হয়।

বিধানসভা নির্বাচনের আবহে মে দিবস উদযাপন উপলক্ষে  শ্রমিক সংগঠন গুলির পক্ষ  থেকে নানা অনুষ্ঠান ও কর্মসূচির আয়োজন করা হয়েছে।পশ্চিমবঙ্গ গণতান্ত্রিক লেখক শিল্পী সংঘ কলকাতা জেলা কমিটির উদ্যোগে আজ সকালে  কলকাতার সুরেন্দ্রনাথ পার্কে মার্কস এঙ্গেলসের মূর্তির সামনে এক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। বামপন্থী শ্রমিক সংগঠন CITU এর পক্ষ  থেকে রাজ্যব্যাপী নানা অনুষ্ঠানের আয়োজন করা হয়। CITU র রাজ্য কমিটির দপ্তরে সকালে পতাকা উত্তোলন ও সংক্ষিপ্ত আলোচনা সভার আয়োজন করা হয়েছে।বিকাল ৫ টায় ধর্মতলার লেনিন মূর্তির পাদদেশ থেকে মৌলালি রামলীলা ময়দান পর্যন্ত মিছিল বের করা  হবে।

আন্তর্জাতিক শ্রমিক দিবস উপলক্ষে আজ কলকাতায় বিশেষ ট্রাম যাত্রারও আয়োজন করা হচ্ছে। গরিয়াহাট ট্রাম ডিপো থেকে শ্যাম বাজার ট্রাম  টারমিনাস পর্যন্ত ওই বিশেষ ট্রাম চালানো হবে। এই ট্রাম যাত্রায় থাকবেন সমাজের বিভিন্ন স্তরের বিশিষ্ট ব্যক্তিরা।

oooooooooooooooooooooo

অনুকূল বায়ুপ্রবাহ ও বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বেশি হওয়ায় রাজ্যের বেশিরভাগ জেলায় আজও বৃষ্টির সম্ভাবনা । দক্ষিণবঙ্গের উপকূলের জেলাগুলিতে ৪০ থেকে ৫০ কিলোমিটার বেগে ঝড়ো হাওয়া ও বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টির পূর্বাভাস রয়েছে।

উত্তরবঙ্গের জলপাইগুড়ি কোচবিহার এবং আলিপুরদুয়ার জেলায় বাড়ি থেকে অতি ভারী বৃষ্টি এবং দার্জিলিং কালিম্পং উত্তর ও দক্ষিণ দিনাজপুর এবং মালদা জেলায় বিক্ষিপ্তভাবে ভারী বৃষ্টির কমলা সর্তকতা রয়েছে।।

উপকূলবর্তী এলাকায় ঝড় বৃষ্টির পূর্বাভাস থাকায় মৎস্যজীবীদের  চার  তারিখ পর্যন্ত সমুদ্রে যেতে নিষেধ করা হয়েছে।

এদিকে রাজ্যের বিভিন্ন জেলায় গত দুদিন ধরে ঝড় বৃষ্টির ফলে তাপমাত্রা অনেকটা কমেছে। আলিপুরে আজ সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ১৯ দশমিক আট ডিগ্রি সেলসিয়াস স্বাভাবিকের থেকে ৬ দশমিক তিন ডিগ্রি কম। গতকাল সর্বোচ্চ তাপমাত্রা ছিল স্বাভাবিকের থেকে প্রায় সাড়ে সাত ডিগ্রি কম।। আজ সকাল সাড়ে ছটা পর্যন্ত গত ২৪ ঘন্টায় আলিপুরে ৩২ মিলিমিটারের কিছুটা বেশি বৃষ্টি রেকর্ড করা হয়েছে।

oooooooooooooooooooooo

ooooooooooooooooooooooo